তারিখ 06 MAY 2010
পৃষ্ঠা 2 কলাম 2

যুগান্তর

আহসানউল্লাহর পাঁচ ছাত্রীর জবানবন্দি

# টার্গেট ছাত্রীদের ব্ল্যাকমেইল করতেন শিক্ষক মাহফুজ

**যুগান্তর রিপোর্ট**

যৌন হয়রানির মামলায় গ্রেফতার আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মাহফুজুর রশিদ ফেরদৌসের বিরুদ্ধে জবানবন্দি দিয়েছেন ওই বিশ্ববিদ্যালয়েরই পাঁচ ছাত্রী। বৃহস্পতিবার ওই ছাত্রীরা ঢাকার পৃথক তিনটি আদালতে জবানবন্দি দেন। এদিকে ওই শিক্ষকের বিরুদ্ধে একের পর এক অভিযোগ আসছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক ছাত্রীর অভিভাবক জানান, সুন্দরী ছাত্রীদের টার্গেট করতেন শিক্ষক মাহফুজুর রশিদ ফেরদৌস। সময় ও সুযোগ বুঝে ফাস্টফুডের দোকানে খাবারের অফার দিতেন। খাবারের সায় পেলেই নানা উপহার-উপঢৌকন পাঠাতেন। এরপর পড়া, থিসিস বোঝানোর কথা বলে সেই ছাত্রীদের ডাকা হতো পান্থপথের বাসায়। এখানে এলেই কখনও জোর করে, কখনও ব্ল্যাকমেইল করে যৌন হয়রানি করতেন। ওই শিক্ষক একাধিক শিক্ষার্থীকে যৌন নিপীড়ন করেছেন। আজ সকালে সব বিভাগের শিক্ষার্থীরা ক্যাম্পাসের সামনে তার বিরুদ্ধে মানববন্ধন কর্মসূচি পালন করবেন বলে জানা গেছে।